

সেনাসদর  
ই ইন সি'র শাখা  
পূর্ত পরিদপ্তর  
ঢাকা সেনানিবাস  
টেলিঃ সামরিকঃ ৮৭১১১১১ বর্ধিতঃ ২৮৮২  
বেসামরিকঃ ৯৮৩২৮৮২

৪৭ মাস ১৪৩০

২৬ জানুয়ারি ২০২৪

২৩.০১.২০১১.০৫৬.০১.০৯৯.১৪.২৬ .০১.২৪

**এমইএস এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে দুর্নীতি/মাদক/শৃংখলা বিরোধী প্রেষণা প্রদান প্রসংগে**

১। অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এমইএস এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের দুর্নীতি/মাদক/শৃংখলা বিরোধী কার্যকলাপ রোধকল্পে নিম্নবর্ণিত বিষয়সমূহ আপনাদের পরিদপ্তর ও অধীনস্থ দপ্তরসমূহে কর্মরত সকলকে মাসিক দরবারের মাধ্যমে অবহিত করণের পাশাপাশি নিয়মিত প্রেষণা প্রদান করার জন্য অনুরোধ করা হলোঃ

**শৃংখলা বিরোধী কার্যকলাপ/দুর্নীতি প্রতিরোধ কার্যক্রমঃ**

- ক। বার্ষিক/নিয়মিত অডিট/ইইনসি'র কারিগরী পরীক্ষক দলের কার্যক্রম নিয়মিত মনিটরিং করা।
- খ। কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা।
- গ। শৃংখলা বিরোধী কার্যকলাপ/দুর্নীতির শাস্তি সম্পর্কে অবগত করা।
- ঘ। বার্ষিক গোপনীয় প্রতিবেদনে শৃংখলা/দুর্নীতির বিষয়টি প্রতিফলন ঘটানো।

**শৃংখলা বিরোধী/দুর্নীতির কুফলঃ**

- ক। শাস্তি হিসেবে পদোন্নতি স্থগিত, বার্ষিক ইনক্রিমেন্ট স্থগিত এমনকি চাকরিচ্যুত হতে পারে।
- খ। দত্ত প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর পদ মর্যাদা ও সুনাম নষ্ট হয়।
- গ। দেশের সার্বিক উন্নয়ন ক্ষতিগ্রস্ত হয়।

**মাদকের ব্যবহার প্রতিরোধঃ**

- ক। মাদকের কুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।
- খ। ছেলে-মেয়েকে পরিমিত জীবন-যাপনে আগ্রহী করে গড়ে তোলা। তাদের বন্ধু নির্বাচন/চলাফেরার পরিবেশ সম্পর্কে সজাগ দৃষ্টি রাখা।
- গ। নিয়মিত খেলাধুলা/শরীরচর্চার অভ্যাস গড়ে তোলা।

**মাদকের কুফলঃ**

- ক। রুদ্রোগসহ বিভিন্ন রোগে আক্রান্ত হতে পারে এবং রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায়।
- খ। বিচার-বিবেচনা ক্ষমতা হারিয়ে যায়, সঠিক সিদ্ধান্ত নেয়া যায় না।
- গ। আত্মহত্যার প্রবণতা দেখা দেয় এবং স্বাভাবিক জীবন যাত্রা ব্যাহত হয়।

২। উল্লেখ্য যে, ত্রৈমাসিক ভিত্তিতে গৃহিত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন স্ব স্ব পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী কর্তৃক অত্র পরিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

মোঃ মতিয়ার রহমান  
নির্বাহী প্রকৌশলী বি/আর  
এসও-২ (এসএও)  
পক্ষে পূর্ত পরিচালক

বিতরণঃ

বাহ্যিকঃ

কার্যক্রমঃ

পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (নৌ)

পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (বিমান)

এমইএস ট্রেনিং সেল, ঢাকা সেনানিবাস

অভ্যন্তরীণঃ

কার্যক্রমঃ

পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (সেনা)

ই-৭ শাখা (স্থানীয়)

ওআইসি কম্পিউটার - জাতীয় তথ্য বাতায়নের এমইএস ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ।